

১৮. চলমান প্রকল্পের বিবরণ ও প্রস্তাবিত প্রকল্পের বিবরণঃ

ক) সংস্থাটি বর্তমানে নিম্ন বর্ণিত কার্যক্রম পরিচালনা করে যাচ্ছেঃ

১. জরুরী ত্রাণ বিতরণ কর্মসূচীঃ

সংস্থাটি দেশে প্রাকৃতিক দুর্যোগের সময় বিভিন্ন কর্মসূচী যেমন- বন্যা, ঘূর্ণিঝড়, টর্নেডো, সুনামীসহ ইত্যাদি ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের জরুরী সাহায্যার্থে নগদ অর্থ, খাদ্যসামগ্রী ও জরুরী ত্রাণসামগ্রী, যেমন- করোনায় ক্ষতিগ্রস্তদের মাঝে খাদ্য সামগ্রী প্রদান করা হয়। এছাড়া দেশে উত্তরাঞ্চলে প্রকট শীতে শীতার্থ মানুষের শীত বস্ত্র প্রদান ও মঙ্গলকবলিত এলাকায় জরুরী ত্রাণ সামগ্রী প্রদান করে থাকে।



২. বিনামূল্যে চিকিৎসা সেবা ও করোনা বিষয়ক গনসচেতনতা কর্মসূচীঃ

সমাজের দুঃস্থ রোগীদের কল্যাণে সংস্থা রোগীকল্যাণ কর্মসূচী হাতে নিয়েছে। উক্ত কর্মসূচী আওতায় দেশের দরিদ্র ও দুঃস্থ মানুষকে সুচিকিৎসার ব্যবস্থা করে থাকে। বিশেষ করে তাদের চিকিৎসা সেবার জন্য আর্থিক



সহায়তা প্রদান, রোগীদের সরকারী হাসপাতালে ভর্তি করে সুচিকিৎসার ব্যবস্থা করা। তাদের বিভিন্ন প্রকার পরীক্ষা নিরীক্ষা- যেমন- রক্ত, কফ, মূত্র, এক্সরে ইত্যাদির জন্য আর্থিক সহায়তা প্রদান করা এবং তাদের মধ্যে বিনামূল্যে ঔষধ এবং চিকিৎসা উপকরণ সরবরাহ করে থাকে। উক্ত কর্মসূচীর আওতায় প্রায় ৩০০ জন রোগী উপকৃত হয়েছে।

৩. মাদক এবং এইডস সম্পর্কে সচেতনতা বৃদ্ধিমূলক কর্মসূচীঃ

এইডস একটি মারাত্মক জীবন ঘাতী রোগ। যার কোন চিকিৎসা নেই। এ রোগে মৃত্যু অবধারিত। এইডস সম্পর্কে গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে গ্রুপ ভিত্তিক মোটিভেশন প্রোগ্রাম করা। এছাড়া তামাক ও মাদক সম্পর্কে গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন কর্মসূচী চলমান আছে। এই কর্মসূচীর আওতায় ১২টি গ্রুপের মাধ্যমে প্রায় ১৫০ জন সচেতন হয়েছে।



৪. নারী কল্যাণ কর্মসূচী

সমাজের প্রতিটি স্তরে নারীরা অবহেলিত। তাদের অধিকার উপেক্ষা করে একটি জাতির প্রকৃত উন্নয়ন সম্ভব নয়।



তাই নারীদের উন্নয়নে এবং তাদের স্বনির্ভর করার জন্য বিভিন্ন দক্ষতামূলক প্রশিক্ষণ যেমন বিনামূল্যে সেলাই প্রশিক্ষণ, ব্লক-বাটিক ও হস্তশিল্প প্রশিক্ষণ প্রদান করে থাকে। প্রসূতী মা'দের চিকিৎসা সেবা প্রদান করা। তাদের পুষ্টিহীনতা দূর করার লক্ষ্যে আর্থিক সহায়তা প্রদান করা সহ সচেতনতা বৃদ্ধিমূলক কর্মসূচী পালন করে যাচ্ছে।

৫. পরিবেশ উন্নয়ন ও বৃক্ষরোপন কর্মসূচীঃ

সংস্থাটি পরিবেশ উন্নয়ন, বৃক্ষরোপন ও বনায়নের উপর ব্যাপক গণ সচেতনতা সৃষ্টির লক্ষ্যে কর্মসূচী গ্রহণ করেছে। উক্ত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে কর্মশালা, আলোচনা সভা ও মোটিভেশন প্রোগ্রাম করে যাচ্ছে।

উক্ত



কর্মসূচীর আওতায় হবিগঞ্জ জেলার মাধবপুর থানার তেলিয়াপাড়া হতে শাহজাহানপুর গ্রামের ৩ কিলোমিটার সড়কের দুই পাশে বৃক্ষরোপন করা হয়।

৬. ডিজিটাল শিক্ষা উপকরন বিতরন কর্মসূচীঃ

শহরের এবং পল্লী এলাকার শিক্ষার্থীদের শিক্ষা বৈষম্য দূর করার লক্ষ্য নিয়ে হবিগঞ্জ জেলার মাধবপুর থানার শাহেনা সরকারী প্রাঃ বিদ্যালয় দিয়ে শুরু হয়েছে ডিজিটাল শিক্ষা উপকরন বিতরন কর্মসূচী।



বিতরণ করা হয় মাল্টিমিডিয়া প্রজেক্টর, ল্যাপটপ, বিভিন্ন রকম শিক্ষামূলক সিডি ও সাউন্ডবক্স।

খ) সংস্থাটি নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে বাস্তবায়ন জন্য পরিকল্পনা গ্রহণ করেছে।

১. নিরাপদ পানি ও স্যানিটেশন কর্মসূচী
২. টেকনিক্যাল এবং ভোকেশনাল শিক্ষাদান ও প্রশিক্ষণ কর্মসূচী
৩. এসিডদন্ধ মহিলা উন্নয়ন ও পুনর্বাসন কর্মসূচী
৪. পরিবার পরিকল্পনা কর্মসূচী
৫. নাগরিক দায়িত্ববোধ জাগ্রত করার উদ্দেশ্যে সামাজিক শিক্ষা, বয়স্ক শিক্ষা ও উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচী
৬. পরিবেশ উন্নয়ন কর্মসূচী
৭. বৃক্ষরোপন ও বনায়ন কর্মসূচী (আয় বর্ধক)
৮. কৃষি উন্নয়ন ও পুনর্বাসন কর্মসূচী
৯. কারামুক্ত কয়েদীদের কল্যাণ ও পুনর্বাসন কর্মসূচী
১০. আর্থ-সামাজিক উন্নয়ন ও দারিদ্র বিমোচন (আয় বর্ধক কর্মসূচী)
১১. সামাজিক অসামর্থ্য ব্যক্তিদের কল্যাণ কর্মসূচী
১২. বৃদ্ধ ও দৈহিক অসামর্থ্য (প্রবীন) ব্যক্তিদের কল্যাণ কর্মসূচী